গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.২২০০.০৪২.৯৯.৭০.১৯.**১৮৯৬**

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০
১১ সেপ্টেম্বর ২০২৩

**বিষয় : জেলা পরিষদের ওয়ার্ডসমূহের সীমা নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তির বিল পরিশোধ।**

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর স্মারক ৪৬.৪১.৩৩০০.০০৮.২৫.০০১.২০২২.২৪৮, তারিখ: ১২ জুলাই ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২২ অনুযায়ী প্রত্যেক জেলা পরিষদের ওয়ার্ডের সীমা নির্ধারণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক সীমা নির্ধারণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। সে প্রেক্ষিতে প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয় হতে জেলা পরিষদের সীমা নির্ধারণপূর্বক চূড়ান্ত গেজেট পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ বিল পরিশোধের জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, তাঁর জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সীমা নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ মোট (৮২,৮০০.০০+৩০,৪০০.০০)=১,১৩,২০০.০০ (এক লক্ষ তের হাজার দুইশত) টাকা পরিশোধ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়কে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পিন্টু বেপারী
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ (কার্যার্থে):**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, গাজীপুর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, গাজীপুর।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।